

আল-কলম | Al-Qalam | الْقَلَمُ

আয়াতঃ ৬৮ : ৪১

আরবি মূল আয়াত:

أَمْ لَهُمْ شُرَكَاءُ فَلْيَأْتُوا بِشُرَكَائِهِمْ إِنْ كَانُوا صَادِقِينَ ﴿٤١﴾

অনুবাদসমূহ:

অথবা তাদের জন্য কি অনেক শরীক আছে? তাহলে তারা তাদের শরীকদেরকে উপস্থিত করুক যদি তারা সত্যবাদী হয়। — আল-বায়ান

অথবা তাদের কি শরীক উপাস্য আছে, থাকলে তাদের শরীক উপাস্যদেরকে হাজির করুক- তারা যদি সত্যবাদী হয়ে থাকে। — তাইসিরুল

তাদের কি কোন শরীক আছে? থাকলে তারা তাদের শরীকদের উপস্থিত করুক, যদি তারা সত্যবাদী হয়। — মুজিবুর রহমান

Or do they have partners? Then let them bring their partners, if they should be truthful. — Sahih International

৪১. অথবা তাদের কি (আল্লাহর সাথে) অনেক শরীক আছে? থাকলে তারা তাদের শরীকগুলোকে উপস্থিত করুক—যদি তারা সত্যবাদী হয়।

-

তাফসীরে জাকারিয়া

(৪১) তাদের কি কোন শরীক উপাস্য আছে? থাকলে তারা তাদের শরীক উপাস্যগুলোকে উপস্থিত করুক; যদি তারা সত্যবাদী হয়।[1]

[1] কিংবা যাদেরকে তারা শরীক বানিয়েছে, তারা তাদের সাহায্য করে তাদেরকে উত্তম স্থান দান করবে? যদি তাদের শরীক এইরূপ ক্ষমতাবান হয়, তাহলে তাদেরকে সামনে উপস্থিত করা হোক, যাতে তাদের সত্যতা স্পষ্ট হয়ে যায়।

তাফসীরে আহসানুল বায়ান

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন